বোয়িং টেসলা গুগলসহ মার্কিন ১৫ কোম্পানিতে হামলার হুমকি ইরানের

ইরানের মিসাইল উৎক্ষেপণের দৃশ্য। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের শীর্ষ প্রযুক্তি কোম্পানিগুলোর বিরুদ্ধে সরাসরি ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)। একই সঙ্গে এসব প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি ও আশপাশে অবস্থানকারীদের দ্রুত এলাকা ত্যাগ করার আহ্বান জানানো হয়েছে।

মঙ্গলবার (৩১ মার্চ) ইরানের আধা-সরকারি বার্তা সংস্থা তাসনিমের তথ্য উদ্ধৃত করে আন্তর্জাতিক সংবাদমাধ্যম জানায়, এক বিবৃতিতে আইআরজিসি বলেছে—যুক্তরাষ্ট্রের তথ্যপ্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক প্রতিষ্ঠানগুলো নজরদারি ও লক্ষ্য নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ কারণেই এখন থেকে এসব প্রতিষ্ঠানকে ‘বৈধ লক্ষ্য’ হিসেবে বিবেচনা করা হবে।

বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, অন্তত ১৫টি বড় কোম্পানিকে টার্গেট করা হয়েছে। এর মধ্যে বোয়িং, টেসলা, মেটা, গুগল ও অ্যাপলের মতো বিশ্বখ্যাত প্রতিষ্ঠানও রয়েছে।

ইরান আরও সতর্ক করেছে, যদি তাদের শীর্ষ নেতাদের বিরুদ্ধে নতুন করে হামলা বা হত্যাচেষ্টা চালানো হয়, তাহলে স্থানীয় সময় আগামীকাল রাত ৮টা থেকে উল্লিখিত কোম্পানিগুলোর বিরুদ্ধে আক্রমণ শুরু হতে